

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৩১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
আদেশ

তারিখ : ১৭ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/২৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

বিষয় : আগামী ১৭ ফেব্রুয়ারি থেকে ০৭ মার্চ, ২০১৬ খ্রিঃ মেয়াদে এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি)-এর তত্ত্বাবধানে বাংলাদেশের স্বাগতিকতায় অনুষ্ঠেয় 'এশিয়া কাপ টি২০ ২০১৬' সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মূল্য সংযোজন কর অব্যাহতি এর গ্যারান্টি প্রদান।

নং ০৬/মূসক/২০১৬—যেহেতু, এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি) কর্তৃক আয়োজিত আসন্ন 'এশিয়া কাপ টি২০ ২০১৬' একটি আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা ও উহার সহিত দেশের ভাবমূর্তি জড়িত এবং বাংলাদেশকে উক্ত আয়োজনের জন্য নির্বাচনের বিষয়টিও দেশের জন্য গৌরবের ও সম্মানজনক; এবং

যেহেতু, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জাতীয় পর্যায়ের একটি ক্রীড়া সংগঠক ও দেশের ক্রিকেট অঙ্গনের মানোন্নয়নে সার্বিক দায়িত্ব পালনে নিয়োজিত এবং বর্তমানে এসিসি কর্তৃক আয়োজিত 'এশিয়া কাপ টি২০ ২০১৬' এ সক্রিয় অংশগ্রহণের ক্ষেত্রে বিসিবি গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে প্রতিশ্রুতিবদ্ধ;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, এসিসি এবং তাহাদের পক্ষে বিসিবির লোকাল অর্গানাইজিং কমিটি (এলওসি) এর লিখিত প্রত্যাশনপত্রের ভিত্তিতে উহার সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট বিদেশী নাগরিকগণের

(২৪৪১)

মূল্য : টাকা ৪.০০

ভোগ বা ব্যবহারের নিমিত্তে সরবরাহকৃত পণ্য বা সেবার উপর স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

- শর্তঃ (১) 'এশিয়া কাপ টি২০ ২০১৬' এর আয়োজন উপলক্ষে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক নিবাসী বাংলাদেশী নাগরিক ব্যতীত কেবলমাত্র ইহার সহিত প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট অন্যান্য দেশের নাগরিকগণের ভোগ বা ব্যবহারের নিমিত্তে পণ্য বা সেবা সরবরাহের উপর এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে; এবং
- (২) স্থানীয় পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়ে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটকে অবহিত করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান।